দৈনিক খবর

তারিখ 29 OCT 1993
পৃষ্ঠা ৮ কলাম ২

১৭৯

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিবিরের তান্ডব ।। ছাত্র–ছাত্রীদের হল ত্যাগ

## উত্তেজনা ।। যে কোনো সময় সংঘর্ষের আশংকা

কুষ্টিয়া ব্যুরো থেকে মতিউর রহমান লাল্টুঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ে গত বুধবার গভীর রাতে শিবির কর্মীদের তান্ডবের কারণে সাধারণ ছাত্র–ছাত্রীরা হল ত্যাগ করেছে।

জানা গেছে, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস সংলগ্ন আনন্দ নগর এলাকায় শিবিরের ঘাঁটি থেকে ২০/২৫ জন সশস্ত্র বহিরাগত শিবির কর্মী ক্যাম্পাসে প্রবেশ করে। তাদের সহযোগিতায় প্রায় শতাধিক সশস্ত্র শিবির কর্মী রাত ১২টার দিকে সাদ্দাম হল ও নতুন হলে চড়াও হয়। তারা সাধারণ ছাত্রদের জোরপূর্বক বের করে দেয় এবং ছাত্রদল কর্মীদের খুঁজতে থাকে। এ সময় শিবির কর্মীরা ব্যাপক বোমাবাজি করে। এক পর্যায়ে ছাত্রদল কর্মী ও সাধারণ ছাত্ররা উপরতলা থেকে লাফিয়ে পড়ে এবং পালিয়ে পুলিশ ক্যাম্পে আশ্রয় নেয়। বর্তমানে সাদ্দাম হল ও নতুন হলটি শিবির কর্মীদের দখলে। এ ঘটনার পর শিবির কর্মীরা পুনরায় ক্যাম্পাসে সশস্ত্র অবস্থায় মিছিল করে এক পর্যায়ে মিছিলকারীদের সঙ্গে পুলিশের ধাওয়া– পাল্টা ধাওয়া হয়। শিবির কর্মীদের ককটেল নিক্ষেপের কারণে পুলিশ পিছু হটে। অপরদিকে গতকাল বৃহস্পতিবার দুপুরে শিবির কর্মীরা কর্তৃপক্ষের নিষেধাজ্ঞা অমান্য করে। বিভিন্ন ধরনের আগ্নেয়াস্ত্র নিয়ে ক্যাম্পাসে মিছিল করে। এ সময় অবস্থানরত ম্যাজিস্ট্রেট মিছিলকারীদের গ্রেফতারের জন্য নির্দেশ দিলে পুলিশ ম্যাজিস্ট্রেটের নির্দেশ অমান্য করেন। এ ঘটনার প্রেক্ষিতে বর্তমানে বিশ্ববিদ্যালয় এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। যে কোন সময়ে বড় ধরনের রক্তক্ষয়ী সংঘর্ষ হতে পারে।